



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর
পীরগঞ্জ, রংপুর

www.macademyrangpur.gov.bd



নং: ১৮.২৬.৮৫৭৬.০০১.৯৯.০০১.২৬/৩৪

৮ মাঘ ১৪৩২
তারিখঃ ২২ জানুয়ারি ২০২৬

২০২৫-২০২৬ সেশনের ৬ষ্ঠ ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ও ভর্তির নির্দেশনাবলী

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর-এর জন্য ২০২৫-২০২৬ সেশনের ৬ষ্ঠ ব্যাচে নির্বাচিত প্রার্থীগণ আগামী ২৭/০১/২০২৬ হতে ০১/০২/২০২৬ তারিখ (সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ০৯.০০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ভর্তি হতে পারবে।

২। একাডেমিতে ০২ বছর মেয়াদী প্রাক সমুদ্র প্রশিক্ষণ ফি প্রতি প্রার্থীর জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রযোজ্য। তন্মধ্যে ভর্তির সময় অফেরতযোগ্য ৩০,০০০/- (ত্রিশ হাজার মাত্র) টাকা সোনালী ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা থেকে “কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর” এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে। ভর্তি পরবর্তী সময়ে অবশিষ্ট ফি সমূহ দুই কিস্তিতে যথা: ৭০,০০০/- (সত্তর হাজার) টাকা প্রশিক্ষণে যোগদানের সময় এবং অবশিষ্ট ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ২য় বৎসরে, ৩১ জানুয়ারি ২০২৭ এর মধ্যে একই নিয়মে পরিশোধ করতে হবে।

৩। নির্বাচিত প্রার্থীগণ নৌপরিবহন অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশনাবলী মোতাবেক স্বাস্থ্য পরীক্ষা সমূহঃ শারীরিক বিকৃতি, Squint, তোতলামি, ডোপ, শ্রবন শক্তি, CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG এবং Urine for DA Health Screening Profile; নিম্নোক্ত অনুমোদিত ডায়াগনস্টিক সেন্টার সমূহ হতে সম্পন্ন করতঃ টেস্ট এর রিপোর্টসহ চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য ভর্তিকালীন তারিখ গুলোতে (২৭/০১/২০২৬ হতে ০১/০২/২০২৬) বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এ উপস্থিত হতে হবে।

ক।	এ্যাপোলো ডায়াগনস্টিক সেন্টার	}	(বাংলাদেশের যেকোন শাখা)
খ।	পপুলার ডায়াগনস্টিক সেন্টার		
গ।	ল্যাব এইড ডায়াগনস্টিক সেন্টার		
ঘ।	ইবনে সিনা ডায়াগনস্টিক সেন্টার		
ঙ।	আপডেট ডায়াগনস্টিক সেন্টার		
চ।	মোহাম্মাদীয়া ডায়াগনস্টিক সেন্টার	}	(রংপুর)
ছ।	ধাপ সাইন্টিফিক ল্যাব		

স্বাস্থ্য পরীক্ষায় চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীগণ কেবল মাত্র ভর্তির জন্য বিবেচিত হবে।

৪। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত মূল সনদ ও নম্বরফর্দ জমা দিতে হবেঃ

ক।	মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ	-প্রত্যেকটির ০২ (দুই) টি ছায়ালিপিসহ
খ।	উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ	-প্রত্যেকটির ০২ (দুই) টি ছায়ালিপিসহ
গ।	অনলাইন জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি	-০২ (দুই) কপি
ঘ।	অবিবাহিত প্রমাণের সনদপত্র (মূলকপি)	-০১ (এক) কপি
ঙ।	পিতা/মাতা/অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র	-০১ (এক) কপি
চ।	পাসপোর্ট সাইজের ছবি	-০৪ (চার) কপি
ছ।	নাগরিকত্ব সনদ সত্যায়িত কপি	-০২ টি ফটোকপি (সিটি কর্পোরেশন/ইউপি)

৫। প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত (১) মূল আবেদন ফরম (Main Application Form); (২) ইনডেমনিটি বন্ড নমুনা Annex-A (৩০০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্টাম্প); এবং (৩) ০২ বছর প্রশিক্ষণের ব্যয়ভার বহনের সামর্থ্যের অনুকূলে পিতা/আইনানুগ অভিভাবকের অঙ্গীকার নামা নমুনা- Annex-B (৫০/- টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্টাম্প); ভর্তির দিন সরবরাহ করা হবে। ফরম সমূহ যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে।

৬। অভিভাবকের মধ্যে চাকুরিরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর থেকে আয়কর সনদ/আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাৎসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে।

৭। নির্ধারিত তারিখের পর কোন প্রকার ভর্তির অনুরোধ/আবেদন গ্রহণযোগ্য নহে।

৮। একাডেমিতে যোগদান অর্থাৎ প্রশিক্ষণ শুরুর তারিখ পরবর্তীতে একাডেমির ওয়েব সাইটঃ www.macademyrangpur.gov.bd এর মাধ্যমে জানানো হবে।



ক্যাপ্টেন মোঃ সাহেদ সাত্তার
(ট্যাজ), বিসিজিএম, পিএসসি, বিএন
কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর
মোবাইলঃ ০১৩২৪৭৬৪৮০০

ই-মেইলঃ commandant@macademyrangpur.gov.bd